টাইমলাইন দেখার নতুন সুবিধা আনল টুইটার

খুদে ব্লগ লেখার ওয়েবসাইট টুইটার ডেস্কটপ কম্পিউটারে (ওয়েব) গ্রাহকদের জন্য সময়রেখা বা টাইমলাইন–সম্পর্কিত নতুন বৈশিষ্ট্য যোগ করেছে। এর ফলে ব্যবহারকারী বের হওয়ার সময় শেষবার যে টাইমলাইনে ছিলেন, টুইটার তাঁকে সেটা মনে করিয়ে দেবে। অর্থাৎ ব্যবহারকারী যখন টুইটারে ঢুকবেন, তখন সর্বশেষ টাইমলাইন দেখতে পাবেন।

এক বার্তায় টুইটার বলেছে, অনেক ব্যবহারকারী টুইটারে ঢোকার পর সর্বশেষ টাইমলাইন দেখতে চেয়েছিলেন। এখন থেকে ওয়েব সংস্করণে সেই সুবিধা পাওয়া যাবে। কেউ যদি ‘ফর ইউ’ বা ‘ফলোইং’ ট্যাবে থাকা অবস্থায় টুইটার থেকে বের হয়ে যান, তবে আবার টুইটারে প্রবেশের পর সেখানেই ফিরে যাবেন। টুইটার জানিয়েছে, শিগগিরই অ্যান্ড্রয়েড স্মার্টফোন ও আইফোনের জন্য এই সেবা চালু করা হবে।

টুইটারের ‘ফর ইউ’ এবং ‘ফলোইং’

চলতি মাসের শুরুতে টুইটার ঘোষণা দেয়, এখন থেকে ব্যবহারকারীরা নিজেদের পছন্দসই বার্তা বা টুইট দেখতে পাবেন। এ দুই ট্যাবের ফলে আইওএস সংস্করণে ব্যবহারকারী এখন চাইলে যাদের অনুসরণ করেন, কেবল তাদের টুইটগুলো ফর ইউ ট্যাবে গিয়ে আলাদাভাবে দেখতে পারবেন। মূলত আগের ‘হোম’ এবং ‘লেটেস্ট’ ট্যাবের পরিবর্তে এ দুটি ট্যাব চালু করেছে টুইটার।

এই ট্যাব দুটি ব্যবহারকারীর টাইমলাইনের ওপরের দিকে পিন করা থাকবে। তাই ব্যবহারকারী খুব সহজে একটি থেকে অন্যটিতে যেতে পারবেন। গত বছরের ডিসেম্বরে টুইটারের মালিক ইলন মাস্ক এক টুইটে জানান, ব্যবহারকারীরা যেন তাঁদের অনুসরণ করা বিষয় ও ‘ট্রেন্ডিং’–এ থাকা বিষয়ের মধ্যে সহজে পরিবর্তন আনতে পারেন, সে জন্য কাজ করছে টুইটার।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

মাইক্রোসফটের এজ ব্রাউজারে বড় ধরনের নিরাপত্তাঝুঁকি

মাইক্রোসফটের এজ ব্রাউজারে বড় ধরনের নিরাপত্তা ত্রুটির সন্ধান পাওয়া গেছে। এ ত্রুটি কাজে লাগিয়ে চাইলেই দূর থেকে ব্রাউজারের নিরাপত্তাব্যবস্থা এড়িয়ে ব্যবহারকারীদের যন্ত্রের নিয়ন্ত্রণ নেওয়া যায়। এজ ব্রাউজারের ১০৯.০.১৫১৮.৬১ সংস্করণের আগের সব সংস্করণ ব্যবহারকারীরা এ হামলার আশঙ্কায় রয়েছেন।

এ বিষয়ে এজ ব্রাউজার ব্যবহারকারীদের জন্য উচ্চ নিরাপত্তাঝুঁকির সতর্কতা জারি করেছে ভারতের কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম। এরই মধ্যে দেশটির নাগরিকদের ব্রাউজারটি ব্যবহারে সতর্ক করেছে তারা। সাইবার হামলা থেকে রেহাই পেতে ব্যবহারকারীদের সবশেষ সংস্করণের এজ ব্রাউজার ব্যবহারের অনুরোধও করেছে ভারতের সরকারি প্রতিষ্ঠানটি।

উল্লেখ্য, এজ ব্রাউজারে এ নিরাপত্তা ত্রুটির কথা জানতে পেরে তড়িঘড়ি এজ ব্রাউজারের নতুন সংস্করণ উন্মুক্ত করেছে মাইক্রোসফট। সংস্করণটিতে নিরাপত্তা ত্রুটি দূর করায় নিরাপদে ইন্টারনেট ব্যবহারের সুযোগ মিলবে।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

দুটি নতুন ম্যাক মিনি আনল অ্যাপল

এম ২ এবং এম ২ প্রো চিপযুক্ত নতুন ম্যাকবুক মিনি কম্পিউটার এনেছে অ্যাপল। এম ২ চিপের ম্যাকবুক মিনিটি আগের থেকে আরও

শক্তিশালী, উন্নত ফিচারের এবং সাশ্রয়ী। এই চিপযুক্ত অ্যাপল ম্যাকবুক মিনি পাওয়া যাবে ৫৯৯ ডলারে। এ ছাড়া নতুন এম ২ প্রো চিপ এবার প্রথমবারের মতো ম্যাকবুক মিনিতে যুক্ত করা হয়েছে। এই চিপের কারণে কম্পিউটারটি অনেক ভালো কাজ করবে। ব্যবহারকারীরা সহজেই গ্রাফিকস, অ্যানিমেশন বা ভিডিও সম্পাদনার মতো ভারী কাজ করতে পারবেন। এ ধরনের কম্প্যাক্ট ডিজাইনে এ ধরনের পারফরম্যান্স আগে অকল্পনীয় ছিল। এম ২ মডেলের দুটি মনিটর এবং এম ২ প্রো মডেলের তিনটি মনিটর যুক্ত করা যাবে।

স্টুডিও ডিসপ্লে, উন্নত যন্ত্রাংশের সঙ্গে ম্যাকওএস অপারেটিং সিস্টেমে ম্যাক মিনি ডেস্কটপ কম্পিউটার ব্যবহারের মতোই অভিজ্ঞতা দেবে। ফলে ব্যবহারকারীর উৎপাদনশীলতা বাড়বে। ছিমছাম নকশার ম্যাক মিনি সহজেই বহনযোগ্য। আগের তুলনায় ম্যাকবুক মিনির এই নতুন দুই সংস্করণে উন্নত প্রসেসর (সিপিইউ) ও গ্রাফিকস প্রসেসর (জিপিইউ) ব্যবহৃত হয়েছে। অনেক বেশি মেমোরি ব্যান্ডউইডথ এবং শক্তিশালী মিডিয়া ফিচার আছে এই দুই কম্পিউটারে। আরও টেকসই করার জন্য দুটি যন্ত্রেই আধুনিক থার্মাল সিস্টেম ব্যবহার করেছে অ্যাপল।

ম্যাকবুক মিনি এম-২তে রয়েছে আট কোরের সিপিইউ এবং ১০ কোরের জিপিইউ। ৫৯৯ ডলার দাম হওয়ায় এটি বেশ সাশ্রয়ী। এতে রয়েছে ২৪ গিগাবাইট পর্যন্ত ইউনিফায়েড মেমোরি এবং প্রতি সেকেন্ডে ১০০ জিবির মেমোরি ব্যান্ডউইডথ। ফলে ছবি সম্পাদনার সফটওয়্যার ব্যবহার আরও মসৃণ হবে। একই সঙ্গে ৩০ এফএস, ৮কে প্রো রেজল্যুশনের দুটি ভিডিও চালানো যাবে। ফলে ভিডিও সম্পাদনার ক্ষেত্রে ভালো অভিজ্ঞতা পাবেন ব্যবহারকারী।

ম্যাকবুক মিনি এম ২ প্রোতে রয়েছে ১২ কোরের প্রসেসর এবং ১৯ কোরের জিপিইউ। এতে রয়েছে প্রতি সেকেন্ডে ২০০ জিবির মেমোরি ব্যান্ডউইটথ। এ ছাড়া এতে ৩২ জিবি পর্যন্ত মেমোরি সমর্থন করবে। একসঙ্গে পাঁচটি পর্যন্ত ৩০ এফএসের ৮কে প্রো রেজল্যুশনের ভিডিও চালানো যাবে। একই সঙ্গে ২৩টি পর্যন্ত ৪কে প্রো রেজল্যুশন ৪২২ ভিডিও চালানো যাবে। ফলে ভিডিও সম্পাদনার ক্ষেত্রে ভালো অভিজ্ঞতা পাবেন ব্যবহারকারী।

দুটি মডেলেই দুটি করে ইউএসবি-এ পোর্ট, একটি এইচডিএমআই পোর্ট, একটি ১০ জিবি বিকল্পসহ একটি গিগাবিট ইথারনেট পোর্ট এবং একটি হালনাগাদ করা হেডফোন সংযোগসুবিধা রয়েছে। আছে তারহীন ওয়াই-ফাই ৬ই৫ এবং ব্লুটুথ ৫ দশমিক ৩ সংযোগের সুবিধা।

সূত্র: প্রথমআলো

ইনস্টাগ্রাম প্রোফাইলে অ্যাভাটারও ব্যবহার করা যাবে

প্রোফাইলে ছবির পাশাপাশি অ্যাভাটার (চেহারার আদলে ছবি বা ইমোজি) ব্যবহারের সুযোগ চালু করেছে ইনস্টাগ্রাম। এ সুবিধা কাজে লাগিয়ে চাইলেই ছবি ও ভিডিও বিনিময়ের সামাজিক যোগাযোগমাধ্যমটিতে প্রোফাইল ছবি ও অ্যাভাটার দুটিই ব্যবহার করা যাবে। ফলে অন্য ব্যবহারকারীরা মূল ছবির পাশাপাশি অ্যাভাটার দেখতে পারবেন। পর্যায়ক্রমে সব ব্যবহারকারী এ সুবিধা পাবেন।

ইনস্টাগ্রাম জানিয়েছে, গত বছর অ্যাভাটার ব্যবহারের সুযোগ চালু হলেও ব্যবহারকারীরা প্রোফাইলে ছবির বদলে অ্যাভাটার যুক্ত করতে পারতেন। এখন থেকে ছবি ও অ্যাভাটার দুটিই ব্যবহার করা যাবে। ফলে অন্য ব্যবহারকারীরা প্রোফাইল ছবিতে ক্লিক করে অ্যাভাটারও দেখার সুযোগ পাবেন।

ইনস্টাগ্রামে অ্যাভাটার ব্যবহারের জন্য প্রথমে প্রোফাইল ছবিতে ক্লিক করে এডিট প্রোফাইল অপশনে ট্যাপ করতে হবে। এবার ক্রিয়েট অ্যাভাটার অপশনে প্রবেশ করে গেট স্টারটেড অপশন নির্বাচন করে পছন্দের অ্যাভাটার তৈরি করতে হবে।

সূত্র: টেক ক্র্যান্চ

ভুয়া তথ্যের খোঁজে কমিউনিটি

নোটসের পরিধি বাড়াল টুইটার

ভুয়া তথ্যের সন্ধান পেতে যুক্তরাষ্ট্রের পর যুক্তরাজ্য, আয়ারল্যান্ড, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে কমিউনিটি নোটস সুবিধা চালু করেছে খুদে ব্লগ লেখার সাইট টুইটার। এ সুবিধা চালুর ফলে দেশগুলো থেকে ব্যবহারকারীরা টুইটারে আদান-প্রদান করা ভুয়া তথ্য বা সংবাদের বিষয়ে অভিযোগ জানাতে পারবেন। ব্যবহারকারীদের অভিযোগ পাওয়ার পর তথ্য পর্যালোচনা করে ব্যবস্থা নেবে টুইটার। এতে দ্রুত ভুয়া তথ্য শনাক্তের পাশাপাশি সেগুলো মুছে ফেলা যাবে।

টুইটারের তথ্যমতে, কমিউনিটি নোটস সুবিধা কাজে লাগিয়ে নিবন্ধিত ব্যক্তিরা মিথ্যা বা ভুয়া তথ্যনির্ভর যেকোনো পোস্টের বিরুদ্ধে অভিযোগ করতে পারবেন। তথ্যের সত্যতা যাচাইয়ের পর পোস্টটি মুছে দেওয়া হবে। ফলে টুইটারে ভুয়া বা মিথ্যা তথ্যনির্ভর পোস্ট দেখা যাবে না। পর্যায়ক্রমে বিশ্বের বিভিন্ন দেশে কমিউনিটি নোটস সুবিধা চালু করা হবে।

টুইটার জানিয়েছে, কমিউনিটি নোটস সুবিধা চাইলেই সবাই ব্যবহার করতে পারবেন না। টুইটারের নীতিমালা ভঙ্গ না করা এবং কমপক্ষে ছয় মাস আগে খোলা অ্যাকাউন্টগুলোয় এ সুবিধা পাওয়া যাবে। শুধু তা-ই নয়, ব্যবহারকারীদের মুঠোফোন নম্বরও যাচাই করা হবে। অ্যান্ড্রয়েড ও আইওএস অপারেটিং সিস্টেমে চলা মুঠোফোনের পাশাপাশি কম্পিউটারে এ সুবিধা ব্যবহার করা যাবে।
সূত্র: টেক ক্র্যান্চ

ওয়াই-ফাইয়ের গতি ৫০ শতাংশ বাড়বে ৫ উপায়ে

ভিডিও কলে জরুরি মিটিং চলাকালে ওয়াই-ফাই সংযোগের ধীরগতির কারণে সমস্যায় পড়েন অনেকেই। শুধু ভিডিও কলই নয়, ধীরগতির ওয়াই–ফাইয়ের কারণে অনলাইনে বিভিন্ন কাজ করতেও সমস্যা হয়। এই পাঁচ কৌশল ব্যবহার করে চাইলেই ওয়াই-ফাইয়ের গতি ৫০ শতাংশ পর্যন্ত বাড়ানো

যায়।

চ্যানেল পরিবর্তন
রাউটার মূলত চ্যানেল বা ফ্রিকোয়েন্সির মাধ্যমে সংকেত পাঠায়। এই চ্যানেলের কারণেও অনেক সময় রাউটারের গতি কমে যেতে পারে। বিশেষ করে আপনি যে ভবনে থাকেন, সেখানে আরও অনেকেই আলাদা ওয়াই-ফাই নেটওয়ার্ক ব্যবহার করতে পারেন। এখন তাঁদের ব্যবহার করা রাউটারও যদি একই চ্যানেল বা ফ্রিকোয়েন্সি ব্যবহার করেন, তবে আপনার ওয়াই-ফাইয়ের গতি কমে যাবে। এ সমস্যা সমাধানে রাউটারের চ্যানেল পরিবর্তন করতে হবে।

মেঝে থেকে ওপরে ও খোলা জায়গায় রাউটার রাখতে হবে
অনেকেই টেবিলের ওপরে রাউটার রাখেন। ফলে আশপাশে ভারী বস্তু বা আসবাব থাকার কারণে ওয়াই-ফাইয়ের সিগন্যালের গতি কমে যায়। এ সমস্যা সমাধানে ঘরের মাঝামাঝি স্থানে মেঝে থেকে ওপরের দিকে রাউটার রাখতে হবে। এতে ঘরের সব দিকে সমানভাবে ওয়াই-ফাই সিগন্যাল পাওয়া যাবে। জানালার পাশে রাউটার রাখা যাবে না। এতে রাউটারের সিগন্যাল ঘরের বাইরে পাওয়া গেলেও ভেতরে ঠিকমতো পাওয়া যাবে না।

ইথারনেট কেব্ল ব্যবহার
নির্দিষ্ট কোনো যন্ত্রে যদি ওয়াই-ফাই সিগন্যালের গতি কম পাওয়া যায়, তবে সেই যন্ত্রের ওয়্যারলেস রিসিভার অপশনেও সমস্যা থাকতে পারে। অনেক সময় একই রাউটারে বেশিসংখ্যক যন্ত্র যুক্ত থাকলে ওয়াই-ফাইয়ের গতি কমে যায়। ইথারনেট কেব্লের মাধ্যমে রাউটারের সঙ্গে যন্ত্র যুক্ত করে এ সমস্যার সমাধান করা সম্ভব।

রাউটারের অ্যানটেনার অবস্থান পরিবর্তন
রাউটারে থাকা অ্যানটেনাগুলো ইন্টারনেটের গতি বাড়াতে সাহায্য করে। অনেকে রাউটারের অ্যানটেনাগুলো এলোমেলোভাবে ব্যবহার করেন। মনে রাখতে হবে, প্রতিটি অ্যানটেনাই ৯০ ডিগ্রি কোণে আলাদাভাবে সিগন্যাল পাঠিয়ে থাকে। আর তাই আপনি যদি একতলা ভবনে থাকেন, তবে অ্যানটেনাগুলো উল্লম্বভাবে রাখুন। আর যদি বহুতল ভবনে থাকেন, তবে অ্যানটেনাগুলো উল্লম্ব ও অনুভূমিক দুভাবেই রাখতে হবে।

ওয়াই-ফাইয়ের পরিসর বাড়ানো
বাসা বা অফিসের আকার বড় হলে একটি রাউটার দিয়ে সব স্থানে সমান গতির সিগন্যাল পাওয়া যায় না। এ ছাড়া একাধিক দেয়ালের কারণেও ওয়াই-ফাইয়ের গতি কমে যায়। এ সমস্যা সমাধানে রেঞ্জ এক্সটেন্ডার বা মেশ

নেটওয়ার্ক ব্যবহার করতে হবে। এক্সটেন্ডারগুলো মূলত রাউটার থেকে সিগন্যাল গ্রহণ করে আবার পাঠিয়ে থাকে। এরপরও সমস্যার সমাধান না হলে রাউটার হালনাগাদ বা পরিবর্তন করতে হবে।
সূত্র: ডেইলি মেইল

বন্ধ হলো গুগল ভয়েসের স্মার্ট রিপ্লাই

নতুন হালনাগাদে অ্যান্ড্রয়েড এবং আইওএস অপারেটিং সিস্টেমের জন্য স্মার্ট রিপ্লাই সুবিধা বন্ধ করেছে গুগল। ফলে গুগল ভয়েসের নতুন হালনাগাদে এ সেবা আর ব্যবহার করতে পারবেন না স্মার্টফোন ব্যবহারকারীরা। গত বছরের ফেব্রুয়ারিতে স্মার্ট রিপ্লাই সাজেশন চালু করেছিল গুগল।

এক বিবৃতিতে গুগল এ সুবিধা বন্ধের কথা উল্লেখ করে জানিয়েছে, এখন থেকে গুগল ভয়েসের স্মার্ট রিপ্লাই আর ব্যবহার করা যাবে না। তবে এটি বন্ধের নির্দিষ্ট কোনো কারণ জানায়নি গুগল।

গুগল ভয়েসের স্মার্ট রিপ্লাইয়ের মাধ্যমে ট্যাপ করে তৎক্ষণাৎ প্রত্যুত্তর জানানোর সুযোগ ছিল। সর্বশেষ বার্তা বিবেচনায় নিয়ে তিন পরিপ্রেক্ষিতে প্রত্যুত্তর বা রিপ্লাইয়ের পরামর্শ (সাজেশন) দিত এ সুবিধার ফিচারটি। গুগল মেসেজের টাইপ আ মেসেজ সেকশনে ‘স্মার্ট রিপ্লাই’ দেখা যেত। তবে গুগল সার্চ, জিমেইল এবং গুগল মেসেজে স্মার্ট রিপ্লাই সেবা ব্যবহার করতে পারছেন ব্যবহারকারীরা।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

হোয়াটসঅ্যাপে অনাকাঙ্ক্ষিত বার্তা ঠেকাতে নতুন সুবিধা

হোয়াটসঅ্যাপে অপরিচিত ফোন নম্বর থেকে পাঠানো বিভিন্ন বার্তার কারণে মাঝেমধ্যেই বিব্রতকর পরিস্থিতির মুখোমুখি হতে হয়। সমস্যা সমাধানে এক ক্লিকেই অচেনা ফোন নম্বর থেকে পাঠানো বার্তা আটকে দেওয়ার (ব্লক) সুবিধা চালু করছে অ্যাপটি। নতুন এ উদ্যোগের আওতায় হোয়াটসঅ্যাপের নোটিফিকেশন বারে থাকা অপরিচিত ব্যক্তিদের পাঠানো বার্তা নির্বাচনের পর ব্লক অপশনে ক্লিক করলেই নম্বরটি ব্লক হয়ে যাবে।

উল্লেখ্য, বর্তমানে হোয়াটসঅ্যাপের সেটিংস অপশনে প্রবেশের পর নম্বর ব্লক করার জন্য বেশ কয়েকটি ধাপ অনুসরণ করতে হয়। নতুন এ সুবিধা চালু হলে হোয়াটসঅ্যাপে দ্রুত নম্বর ব্লক করা যাবে।

সূত্র: এনডিটিভি

এবার ১২ হাজার কর্মী ছাঁটাই করছে গুগল

কিছুদিন আগে মাইক্রোসফট ১০ হাজার কর্মী ছাঁটাই করেছে। এবার গুগলও একই পথে হাঁটছে। গুগলের মাদার কোম্পানি অ্যালফাবেট প্রায় ১২ হাজার কর্মী ছাঁটাইয়ের ঘোষণা দিয়েছে।

শুক্রবার এই কর্মী ছাঁটাইয়ের ঘোষণা দেয় কোম্পানিটি। বিশ্বজুড়ে অর্থনৈতিক অনিশ্চয়তার প্রেক্ষাপটে এ সিদ্ধান্ত নিয়েছে গুগল।

অ্যালফাবেট যে কর্মী ছাঁটাই করছে, তা শতকরা হিসাবে কোম্পানির প্রায় ৬ শতাংশ কর্মী।

এনডিটিভি জানায়, এরই মধ্যে বহু কর্মীর কাছে ইমেল পাঠিয়ে দিয়েছে অ্যালফাবেট। গুগল জানিয়েছে, যুক্তরাষ্ট্রে অ্যালফাবেটের

কার্যালয়ের পাশাপাশি বিশ্বজুড়ে প্রতিষ্ঠানটির বিভিন্ন কার্যালয় থেকেও কর্মী ছাঁটাই করা হবে।

তবে অন্য দেশের স্থানীয় নিয়োগ আইনের কারণে ছাঁটাই প্রক্রিয়ায় সময় লাগতে পারে বলেও জানিয়েছে কোম্পানিটি।

গুগলের সিইও সুন্দর পিচাই বলেছেন, কর্মী ছাঁটাইয়ের এ সিদ্ধান্তের সম্পূর্ণ দায় আমার।

সূত্র: যুগান্তর

আরও ৪৩ দেশে ‘রাষ্ট্রনিয়ন্ত্রিত মিডিয়া’ লেবেল দেখাবে টিকটক

টিকটকে থাকা বেশির ভাগ ভিডিও মজা করার উদ্দেশ্যে তৈরি হলেও কিছু ভিডিও বিভিন্ন ঘটনার ওপর ভিত্তি করে তৈরি করা হয়। এসব ভিডিওতে ভুল বা অতিরঞ্জিত তথ্য থাকায় অনেকেই বিভ্রান্ত হন। বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের পাশাপাশি রাষ্ট্রনিয়ন্ত্রিত বিভিন্ন সংস্থাও এসব ভিডিও তৈরি করে। তবে সেগুলো বিভিন্ন কনটেন্ট নির্মাতা বা প্রতিষ্ঠানের অ্যাকাউন্ট থেকে আপলোড হওয়ায় ব্যবহারকারীদের অনেকেই ভিডিও তৈরির উদ্দেশ্য সম্পর্কে জানতে পারেন না। এ সমস্যা সমাধানে আরও ৪৩টি দেশে ‘রাষ্ট্রনিয়ন্ত্রিত মিডিয়া’ লেবেল দেখানোর সিদ্ধান্ত নিয়েছে টিকটক।

নতুন এ উদ্যোগের আওতায় সরকার নিয়ন্ত্রিত বা সমর্থিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের ভিডিওগুলোতে ‘রাষ্ট্রনিয়ন্ত্রিত মিডিয়া’ লেবেল দেখা যাবে। ফলে টিকটক ব্যবহারকারীরা ভিডিওতে থাকা তথ্যের গ্রহণযোগ্যতা নিজেরাই যাচাই করতে পারবেন।

উল্লেখ্য, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরুর পর প্রাথমিকভাবে রাশিয়া, ইউক্রেন ও বেলারুশে এ সুবিধা চালু করে টিকটক। নতুন এ উদ্যোগের আওতায় যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ মোট ৪৬টি দেশে লেবেলটি যুক্ত

করা হবে। তালিকায় বাংলাদেশের নাম না থাকায় আপাতত এ সুবিধা দেশে পাওয়া যাবে না।
সূত্র: ম্যাশেবল